

শতবর্ষে সদয় কৃষ্ণ মডেল উচ্চ বিদ্যালয়

• শীর আনোয়ার হোসেন

টাঙ্গাইলের মির্জাপুর উপজেলা সদরের সদয় কৃষ্ণ মডেল উচ্চ বিদ্যালয়ে শতবর্ষ পূর্তি উদযাপন অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি বিদ্যালয়ের শতবর্ষ পূর্তি উদযাপন উপলক্ষে বিদ্যালয়ের শিক্ষক, ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ, বর্তমান ছাত্র ও বিদ্যালয়ের প্রাক্তন ছাত্রদের নিয়ে বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালির উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ও কুমুদিনী কল্যাণ সংস্থার পরিচালক ও বেগম রোকেয়া পদক প্রাপ্ত মিসেস শ্রীমতি সাহা।

র্যালিটি শহরের বিভিন্ন সড়ক পরিদর্শন শেষে বিদ্যালয় প্রাঙ্গণে এসে শেষ হয়। পরে বিদ্যালয়ে মাঠে এক স্মৃতিচারণ অনুষ্ঠান হয়। শতবর্ষ পূর্তি উদযাপন কমিটির সাধারণ সম্পাদক সালাউদ্দিন আহমেদ বাবর ও সদস্য কোষাধ্যক্ষ সাবেক মেয়র এ্যাডভোকেট মোশারফ হোসেন মনি বলেন, মির্জাপুর সদয় কৃষ্ণ উচ্চ বিদ্যালয়টি এলাকার একটি সুনাম ধন্য শিক্ষা প্রতিষ্ঠান। প্রয়াত দানবীর রনদা প্রসাদ সাহা ও জমিদার সদয় কৃষ্ণ পোদ্দার ১৯১৫ সালের ১৫ জানুয়ারি বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন। অনেক চড়াই উৎরাই পেরিয়ে স্থানীয় সংসদ সদস্য আলহাজ্ব একাব্বর হোসেনের প্রচেষ্টায় ২০১৪ সালে বিদ্যালয়টি মডেল উচ্চ বিদ্যালয়ে রূপান্তরিত হয়। বর্তমানে এটি সরকারি করণের প্রক্রিয়াধীন বলে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ রফিকুল ইসলাম মিয়া জানিয়েছেন। তিনি জানিয়েছেন, বর্তমানে এখানে শিক্ষক কর্মচারীর সংখ্যা ১৯ জন এবং ছাত্র সংখ্যা প্রায় ১৪শ। জেএসসি ও এসএসসি পরীক্ষার ফলাফলে বিদ্যালয়টি মির্জাপুর উপজেলাসহ টাঙ্গাইল জেলায় সেরা তালিকায় রয়েছে। এছাড়া ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনেও বিদ্যালয়ের ছাত্ররা মেধার স্বাক্ষর বহন করে চলেছে।

গতকাল শনিবার শতবর্ষ পূর্তি উদযাপন অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন ১৯৫২ সালের ব্যাচের ছাত্র দেওয়ান মোঃ আব্দুস ছোবহান। আবেগ আত্মতৃপ্ত হয়ে তিনি বলেন, জীবনের শেষ প্রান্তে এসে আমি আমার পুরাতন বিদ্যালয়টিতে এসে এ রকম একটি অনুষ্ঠানে যোগ দিতে পেরে আমি আনন্দিত ও গর্বিত বোধ করছি। নবীন ও প্রবীণদের কাছে পেয়ে একে অপরকে জড়িয়ে ধরে হাসি কান্নায় মেতে উঠেছিল পুরো স্কুল ক্যাম্পাস। তার মতো নতুন প্রজন্মের এই বিদ্যালয়ের ছাত্র শামীম আল মামুন, জোনায়েত হোসেন নাইব, রায়হান সরকার রবিন, সাদ্দাম হোসেন, তোষার স্যানাল, মাসুদ রানাসহ অনেকেই খুব আনন্দিত ও উৎসাহিত হয়ে নানা স্মৃতি ভুলে ধরেন।

দিনভর হাসি কান্না, গল্প গুজব আর সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে শতবর্ষ পূর্তি অনুষ্ঠান সমাপ্ত হয়েছে। এদিকে শতবর্ষ পূজা উদযাপন কমিটির সভাপতি বোস বিপ্লব কুমারের সভাপতিত্বে বক্তব্য রাখেন অনুষ্ঠানের বিশেষ অতিথি ও শতবর্ষ পূর্তি অনুষ্ঠানের সাধারণ সম্পাদক সালাউদ্দিন আহমেদ বাবর, মির্জাপুর পৌর সভার মেয়র শহিদুর রহমান সহিদ, সাবেক মেয়র মোশারফ হোসেন মনি, উপজেলা পরিষদের চেয়ারম্যান শীর এনায়েত হোসেন মন্টু, উপজেলা নির্বাহী অফিসার মোঃ মাসুদ আহমেদ, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ রফিকুল ইসলাম মিয়া প্রমুখ।